

খুলনা বিশ্ববিদ্যালয়

জুলাই আন্দোলনের বিরোধিতাকারীদের চিহ্নিত করার উদ্যোগ

খুলনা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



খুলনা বিশ্ববিদ্যালয়ে (খুবি) ২০২৪ সালের জুলাই আন্দোলনে

বিরোধীদের ভূমিকা চিহ্নিত করার উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয়

প্রশাসন। এ জন্য বিশ্ববিদ্যালয়ের সিভিকেটের ২৩৩তম সভার

সিদ্ধান্ত অনুযায়ী পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা

হয়েছে।

কমিটির আহ্বায়ক করা হয়েছে শিক্ষা ক্ষুলের ভারপ্রাপ্ত ডিন ও

ইংরেজি ডিসিপ্লিনের অধ্যাপক ড. মো. ইমদাদুল হককে।

সিভিকেটের ২১ সেপ্টেম্বর ২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত

অনুযায়ী, জুলাই আন্দোলনবিরোধী শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও

শিক্ষার্থীদের ভূমিকা অনুসন্ধান ও প্রতিবেদন তৈরির দায়িত্ব দেওয়া

হয়েছে কমিটিকে।

বিশ্ববিদ্যালয়ের ছাত্রবিষয়ক পরিচালক ও কমিটির সদস্যসচিব

অধ্যাপক ড. মো. নাজমুস সাদাত স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা

হয়েছে, জুলাই ২৪ বিপ্লব সময়কালীন বিরোধীদের

কর্মকাণ্ডসংক্রান্ত প্রমাণাদি, ডকুমেন্ট, ভিডিও ফুটেজ বা স্থিরচিত্র

আগামী ২৮ অক্টোবরের মধ্যে দণ্ডের জমা দিতে হবে।

কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. ইমদাতুল হক বলেন, আমরা

প্রাথমিক পর্যায়ে তথ্য সংগ্রহ করছি। তথ্য সংগ্রহ শেষ হলে

পরবর্তীতে সিদ্ধান্ত নেওয়া হবে। বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীলতা ও

সুশাসন রক্ষায় জুলাই আন্দোলনের প্রেক্ষাপটে কে কী ভূমিকা

পালন করেছে, তা নিরপেক্ষভাবে যাচাই করে প্রতিবেদন দাখিল

করা হবে।